


ভর্তি

প্রকৌশল গুচ্ছের চূড়ান্ত বিষয় বরাদ্দ, বন্ধ ভর্তি বাতিল প্রক্রিয়া

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৪ অক্টোবর ২০২৪, ১৩: ৩৯



প্রথম আলো ফাইল ছবি

প্রকৌশল গুচ্ছের তিন বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) স্নাতক প্রথম বর্ষের (২০২৩-২৪ শিক্ষাবর্ষ) শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন আগামী রোববারে (২৭ অক্টোবর) অনুষ্ঠিত হবে। পরদিন সোমবার (২৮ অক্টোবর) থেকে শিক্ষা কার্যক্রম শুরু হবে।

এ দিকে প্রকৌশল গুচ্ছের মাধ্যমে ভর্তি হওয়া শিক্ষার্থীদের 'ভর্তি বাতিল' কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। ৩১ অক্টোবর পর্যন্ত এ প্রক্রিয়া বন্ধ থাকবে। তিন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের গুচ্ছের ভর্তিবিষয়ক

ওয়েবসাইটে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। গতকাল বুধবার (২৩ অক্টোবর) চূড়ান্ত বিষয় বরাদ্দও দেওয়া হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কেন্দ্রীয় ভর্তি কমিটির (সিএসি) ৩৬তম জরুরি সভার সিদ্ধান্ত মোতাবেক রুয়েট, চুয়েট ও কুয়েটের স্নাতক পর্যায়ে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি বাতিল প্রক্রিয়া বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। ২৩ অক্টোবর বেলা ৩টা থেকে ৩১ অক্টোবর (বৃহস্পতিবার) বিকেল ৫টা পর্যন্ত ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল বন্ধ থাকবে।

গত ৩ মার্চ প্রকৌশল গুচ্ছের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ফল প্রকাশ করা হয় ৯ মার্চ। ২৮ এপ্রিল শুরু হয়ে চার দফায় ভর্তি শেষে ভর্তি কার্যক্রম শেষ হয় গত ১১ সেপ্টেম্বর। গত ৩১ জুলাই নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন হওয়ার কথা ছিল। কিন্তু ছাত্র-জনতার আন্দোলনের কারণে উদ্ভূত পরিস্থিতিতে শিক্ষার্থীদের নিরাপত্তা বিবেচনায় তখন ওরিয়েন্টেশন স্থগিত করা হয়।

উল্লেখ্য, এ বছর চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) ৯৩১টি, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ১ হাজার ৬৫টি এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) ১ হাজার ২৩৫টি আসন রয়েছে।

*চূড়ান্ত বিষয় বরাদ্দের তালিকা দেখতে এখানে [ক্লিক করুন](#)

